

SAF Leather ও Superex Leather Ltd. কর্তৃক LWG সনদ অর্জনে অভিনন্দন জ্ঞাপন

LWG সনদ অর্জনে ট্যানারীগুলোর সক্ষমতা বৃদ্ধির জন্য লেদার সেক্টর বিজনেস প্রমোশন কাউন্সিল কর্তৃক ২০১৮-১৯ অর্থবছর থেকে বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন লেদার সেক্টর বিজনেস প্রমোশন কাউন্সিল বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন করে আসছে। এই কর্মসূচীর আওতায় ২৫টি ট্যানারী নির্বাচন করে অভিজ্ঞ কনসালটেন্ট দ্বারা LWG এর সর্বশেষ Protocol অনুযায়ী Gap Analysis করে বর্তমান কি অবস্থা তা তুলে ধরা হয় এবং করণীয়সমূহ চিহ্নিত করে গাইডলাইন তৈরী করে দেয়া হয়। কনসালটেন্ট কর্তৃক প্রতিটি ট্যানারীর মনোনীত প্রতিনিধিদেরকে এর তৈরীকৃত গাইডলাইন অনুযায়ী কাজ করার জন্য প্রশিক্ষিত করে তোলা হয়। পরবর্তীতে যেসকল ট্যানারী LWG সনদ অর্জনে অধিকতর সক্ষম বলে মনে হয়েছে সেসকল ১২টি ট্যানারী নির্বাচন করে ২০২২-২৩ অর্থবছরের ফলো-আপ কার্যক্রমে অর্ন্তভুক্ত করা হয়। এই কার্যক্রমের মাধ্যমে ১২টি ট্যানারীর মধ্যে নিজস্ব ইটিপি থাকায় খুলনায় অবস্থিত Superex Leather Ltd. সিলভার ক্যাটাগরিতে LWG সনদ এবং যশোরে অবস্থিত SAF Leather গোল্ড ক্যাটাগরিতে LWG সনদ পেয়েছে। এই LWG সনদ অর্জনের ফলে দেশী-বিদেশী উন্নত ব্র্যান্ডের ক্রেতাদের কাছে চামড়া বিক্রী বৃদ্ধি পাবে এবং রপ্তানি আয় বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই কর্মসূচীতে সহযোগী বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ) কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো যাচ্ছে। LWG সনদ অর্জনের SAF Leather ও Superex Leather Ltd. কে বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন লেদার সেক্টর বিজনেস প্রমোশন কাউন্সিল এর পক্ষ থেকে অভিনন্দন জানানো হলো।